# এমপি মাসউদের জন্য মাঝনদী থেকে ঘাটে ফেরানো হলো ফেরি, ক্ষুব্ধ যাত্রীরা



সংগৃহীত ছবি

নোয়াখালীর চেয়ারম্যান ঘাট-নলচিরা নৌপথে যাত্রী ও যানবাহন নিয়ে গন্তব্যের উদ্দেশে ছেড়ে যাওয়া একটি ফেরিকে মাঝনদী থেকে আবার ঘাটে ফিরিয়ে আনার ঘটনায় যাত্রীদের মধ্যে অসন্তোষ ও ক্ষোভের সৃষ্টি হয়েছে। অভিযোগ উঠেছে, নোয়াখালী-৬ (হাতিয়া) আসনের সংসদ সদস্য আব্দুল হান্নান মাসউদকে বহনের জন্যই ফেরিটি ফিরিয়ে আনা হয়।

শনিবার (১১ জুলাই) বিকেলে চেয়ারম্যান ঘাট থেকে নলচিরার উদ্দেশে যাত্রা শুরু করে ফেরি মহানন্দা। তবে কিছু দূর এগিয়ে যাওয়ার পর ফেরিটি আবার ঘাটে ফিরে আসে। বৈরী আবহাওয়ার মধ্যেই এমন ঘটনায় ফেরিতে থাকা যাত্রীদের মধ্যে উদ্বেগ ও বিরূপ প্রতিক্রিয়া দেখা দেয়।

ফেরিটির মেরিন ইঞ্জিনিয়ার সাজ্জাদুল ইসলাম জানান, ফেরি ছাড়ার কিছুক্ষণ পর সংসদ সদস্যের আগমনের খবর পেয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশে সেটিকে পুনরায় ঘাটে ফিরিয়ে আনা হয়। তার দাবি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ীই এ সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, নির্ধারিত সময় অনুযায়ী বিকেল সাড়ে ৩টার দিকে ফেরিটি যাত্রী ও পণ্যবাহী যানবাহন নিয়ে যাত্রা শুরু করে। প্রায় ২০ মিনিট পর সংসদ সদস্য আব্দুল হান্নান মাসউদ চেয়ারম্যান ঘাটে পৌঁছালে মাঝপথ থেকে ফেরিটি ফিরিয়ে আনা হয়। পরে তিনি ও তার সফরসঙ্গীরা ফেরিতে ওঠার পর ফেরিটি পুনরায় নলচিরার উদ্দেশে যাত্রা শুরু করে।

এ বিষয়ে সংসদ সদস্য আব্দুল হান্নান মাসউদ বলেন, সরকারি দায়িত্ব পালনের স্বার্থে তার জরুরিভাবে হাতিয়ায় পৌঁছানো প্রয়োজন ছিল। তিনি দাবি করেন, ফেরিটি খুব বেশি দূর অগ্রসর হয়নি এবং ঘটনাটি নিয়ে বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে।

ঘাট ইজারাদারের প্রতিনিধি মো. জহির উদ্দিন জানান, ফেরি ছাড়ার সময় নিয়ে কিছু বিভ্রান্তি থাকলেও ছাড়ার প্রায় ২০ মিনিট পর সেটিকে সংসদ সদস্যকে বহনের জন্য ঘাটে ফিরিয়ে আনা হয়। তিনি বলেন, হাতিয়া রুটে ফেরি চলাচল শুরুর পর এ ধরনের ঘটনা এই প্রথম ঘটেছে।

অন্যদিকে, নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন যাত্রী অভিযোগ করেন, বৈরী আবহাওয়ার মধ্যে নদীপথে চলাচলের সময় হঠাৎ ফেরির গতিপথ পরিবর্তন করায় তারা আতঙ্কিত হয়ে পড়েন। পরে ঘাটে এসে তারা জানতে পারেন, একজন জনপ্রতিনিধিকে বহনের জন্য ফেরিটি ফিরিয়ে আনা হয়েছে। তাদের ভাষ্য, এ ঘটনায় সাধারণ যাত্রীরা অপ্রয়োজনীয় ভোগান্তির শিকার হয়েছেন।